চুয়াডাঙ্গা জেলার শেষ্ট এস আই নির্বাচিত খান আব্দুর রহমান

ভালো কাজের স্বীকৃতি স্বরুপ জেলার শ্রেষ্ট অফিসার নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এসআই খান আব্দুর রহমান। গত বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুলাহ্ আল মামুন মাসিক কল্যান সভায় জেলার শেষ্ট অফিসার হিসাবে নির্বাচিত করেন তাকে।

এ মাসিক কল্যান সভায় চুয়াডাঙ্গা জেলায় গুরুত্বপূর্ণ মামলার আসামি গ্রেফতার, মামলা নিষ্পত্তি, সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার সহ সামগ্রিক মানদণ্ডে তাকে জেলার শ্রেষ্ঠ এসআই হিসেবে নির্বাচিত করে জেলা পুলিশ। ভালো কাজের জন্য শ্রেষ্ঠ অফিসার হিসাবে সন্মাননা ক্রেষ্ট, সার্টিফিকেট ও প্রাইজবন্ড তুলে দেন তার হাতে। এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিছুজ্জামান।

এছাড়াও উপস্থিত ছিলেন ডিআইও-১ আবু জিহাদ ফখরুল আলম খান। চুয়াডাঙ্গা জেলার সকল থানার অফিসার ইনচার্জ গণ।
এ ব্যাপারে এসআই খান আব্দুর রহমান জানান, চুয়াডাঙ্গা জেলার পুলিশের অভিভাবকের হাত থেকে শ্রেষ্ঠ এসআই এর পুরস্কার গ্রহণ সত্যি আনন্দের। দর্শনা থানার (ওসি) বিপ্লব কুমার সাহা, ও পরিদর্শক (তদন্ত) এস এম আমানউল্লা আমান স্যারের প্রতি আমি কৃতজ্ঞ। কারণ তাদের দিক নির্দেশনা না পেলে এ অর্জন সম্ভব ছিল না। এজন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই যারা অসামান্য অবদানে সামান্য ভূমিকা রেখেছেন।

তিনি জানান, পেশাগত পুরষ্কার প্রাপ্তির এ গৌরব শুধু তার নয়, এটি থানার প্রত্যেক পুলিশ সদস্যদের। এ পুরষ্কার প্রাপ্তি তার পেশাগত দক্ষতায় আরো উৎসাহ ও প্রেরণা যোগাবে। এদিকে তার এ পেশাগত সাফল্যে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ ব্যক্তিগত ও সামাজিক যোগাযোগ মাধ্যমে অভিনন্দন ও শুভেচ্ছা বার্তা জানিয়েছেন।